

# ক্যানিং পঞ্চায়েত প্রধানের উদ্যোগে দুঃস্থ বয়স্কদের তীর্থস্থান ভ্রমণ

## আজকালের প্রতিবেদন

তিনি ক্যানিংয়ের গ্রাম পঞ্চায়েত প্রধান। তাঁর উদ্যোগেই পঞ্চায়েতের ১২০ জন বৃদ্ধ-বৃদ্ধা নিখরচায় তীর্থস্থান ভ্রমণের সুযোগ পেলেন। পঞ্চায়েত প্রধান নিজেই উদ্যোগ নিয়ে এলাকার গরিব বৃদ্ধ-বৃদ্ধাদের তীর্থস্থান ভ্রমণের মনস্কামনা পূরণ করতে তাঁদের পাঠালেন বিভিন্ন ধর্মস্থানে। রবিবার ক্যানিং থেকে দুটি বাসে করে তাঁদেরকে নিয়ে যাওয়া হল তীর্থস্থানে। বুদ্ধগয়া, রাজগির-সহ বিভিন্ন জায়গায় তাঁরা ঘুরবেন। তাঁদের সমস্ত খরচ বহন করা হবে ক্যানিংয়ের দিঘিরপাড় গ্রাম পঞ্চায়েতের প্রধানের তরফে। ক্যানিং ১ নম্বর ব্লকের মধ্যে পড়ে দিঘিরপাড় গ্রাম পঞ্চায়েত। এখানকার পঞ্চায়েত প্রধান শিলাদিত্য রায়ের উদ্যোগেই এই ব্যবস্থা করা হয়েছে। এদিন দুপুরে পুণ্যার্থীদের নিয়ে দুটি বাস ক্যানিং বাসস্ট্যান্ড থেকে রওনা দিয়েছে। ক্যানিং পশ্চিমের বিধায়ক পরেশ রাম দাস বাস দুটির শুভযাত্রা করান। বিধায়ক বলেন, 'বিভিন্ন ধর্মের মানুষদেরকে বিভিন্ন তীর্থস্থানে ঘোরানোর ব্যবস্থা করা হচ্ছে। যারা দুঃস্থ গরিব অসহায় সেই রকম মানুষদেরকেই নিয়ে ঘোরানো হবে। যারা যে সম্প্রদায়ের মানুষ তাঁদেরকে সেই সমস্ত তীর্থস্থানে নিয়ে যাওয়া হবে।' পঞ্চায়েত প্রধানের এমন উদ্যোগে খুশি সবাই।